# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং: সিশিবো/বিদ্যা/মাধ্য/২০২৫/৪০৭১

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **পাঠ্যপুস্তকে ভুল চিহ্নিতকরণ, সংশোধন ও পরিমার্জন প্রসঙ্গে।**

সূত্র: ৩৭.০০.০০০০.০৯১.০৬.০০৭.২৪-৫২৩, তারিখ-০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম শ্রেণির পাঠ্য পুস্তকসমূহের ভুল সংশোধনের নিমিত্ত সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শ্রেণি শিক্ষকদের নিকট থেকে সংশোধন ও পরিমার্জনের প্রস্তাব সংযুক্ত ছক ও নির্দেশনা মোতাবেক আগামী ০৬-০৭-২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সফট কপিতে( NikoshBen, ১২ফন্ট) নিম্নোক্ত ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

Email: i) govt.sec2@moedu. gov.bd
ii)sylschoolsection@gmail.com

সংযুক্তি: ছক ও নির্দেশনা ০১(এক) পাতা

**বিষয়টি অতীব জরুরী**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০১.০৭.২০২৫

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
sylschoolsection@gmail.com

**প্রাপক**
**অধ্যক্ষ / প্রধান শিক্ষক**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয় (সরকারি ও বেসরকারি)।

**কার্যার্থে অনুলিপি :**

১। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

**শ্রেণি: ষষ্ঠ, সপ্তম ও অষ্টম**

**পরিমার্জনের নির্ধারিত বিষয়সমূহ:** বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, কৃষিশিক্ষা, গার্হস্থ্যবিজ্ঞা এবং শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য।

সুপারিশ প্রণয়ন ছক:

| বিষয়: | | | | শ্রেণি: | |
|---|---|---|---|---|---|
| ক্রম | অধ্যায় ও শিরোনাম | পৃষ্ঠা ও লাইন নম্বর | পাঠ্যপুস্তকে যেভাবে আছে | পরিমার্জন সুপারিশ | পরিমার্জনের পক্ষে যুক্তি ও তথ্যসূত্র (প্রয়োজনীয় ক্ষেত্রে) |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| স্বাক্ষর<br>পর্যালোচনাকারীর নাম:<br>পদবী:<br>প্রতিষ্ঠানের ঠিকানা:<br>মোবাইল:<br>ইমেইল; | | | | | |

**কর্মপদ্ধতি ও নির্দেশনা**

- জাতীয় শিক্ষাক্রম ২০১২-এ বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের শিখনফলের আলোকে পরিমার্জনের জন্য সুপারিশ প্রদান করতে হবে;
- ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রণীত খসড়া পাঠ্যপুস্তকসমূহ পর্যালোচনা করতে হবে;
- জাতি, ধর্ম, বর্ণ, ক্ষুদ্র-জাতিসত্তা, জেন্ডার ও পেশাসহ বিভিন্ন বিষয়ে বৈষম্যমূলক ও স্পর্শকাতর শব্দ, বাক্য, তথ্য, ছবি আছে কিনা তা যাচাই করে পরিমার্জনের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনা, দেশপ্রেম এবং ধর্মীয় মূল্যবোধ, কাঙ্খিত পারিবারিক ও সামাজিক মূল্যবোধ ও জাতীয় চেতনা পরিপন্থী কিছু থাকলে তা চিহ্নিত করে পরিমার্জনের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকে বিদ্যমান বিষয়বস্তু এবং তথ্যসমূহ পর্যালোচনা করতে হবে এর্ং প্রযোজ্যক্ষেত্রে নির্ভরযোগ্য উৎস উল্লেখ করে তথ্যসমূহ হালনাগাদ ও সংশোধনের সুপারিশ করতে হবে;
- বাংলা একাডেমি প্রণীত 'বাংলা বানান – অভিধান' অনুসরণ করে প্রযোজ্য ক্ষেত্রে বানান সংশোধনীর প্রস্তাব প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকের বিদ্যমান কাঠামো ও বিষয়বস্তু অপরিবর্তিত রেখে কেবলপাঠ্যপুস্তক নির্ভুলকরণে প্রয়োজনীয় সংশোধনী ও পরিমার্জন প্রস্তাব প্রদান করতে হবে;
- ছকে বর্ণিত সুপারিশের বাইরে আর কোনো সুপারিশ থাকলে তা আলাদা কাগজে নাম ও স্বাক্ষরসহ সফ্ট কপিতে এই ই-মেইলে (govt.sec2@moedu.gov.bd)প্রেরণ করতে হবে।